

AP(LET BRTG)  
18/07/2017

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ  
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়  
সম্পত্তি শাখা  
[www.rthd.gov.bd](http://www.rthd.gov.bd)

নং-৩৫.০০.০০০০.০২৩.১৯.০৩৪.১৫-১৭৭

তারিখঃ ১৬ জুলাই ২০১৭ খ্রিস্টাব্দ  
০১ শ্রাবণ ১৪২৪ বঙ্গাব্দ

### অফিস আদেশ

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের অধীনস্থ সড়ক ও জনপথ অধিদপ্তরের এস্টেট ও আইন কর্মকর্তাদের সম্পত্তি ব্যবস্থাপনা সংক্রান্ত দায়িত্ব ও কার্যাবলী নিম্নরূপভাবে নির্ধারণ করা হলঃ

#### সম্পত্তি ব্যবস্থাপনা সংক্রান্ত কার্যাবলীঃ

০১. “সড়ক ও জনপথ অধিদপ্তরের ভূমি ব্যবস্থাপনা নীতিমালা ২০১৫” অনুযায়ী সংশ্লিষ্ট জোনের আওতাধীন সড়ক বিভাগ সমূহের ভূমির উৎস নির্ধারণপূর্বক বিভিন্ন উৎস হতে প্রাপ্ত ভূমি সংরক্ষণ ও ব্যবস্থাপনা এবং ভূমি সংক্রান্ত কোন বিষয়ে উদ্ভূত সমস্যা নিরসনে সংশ্লিষ্ট জোনের অতিরিক্ত প্রধান প্রকৌশলীর মাধ্যমে সমন্বয়সাধন;
০২. সড়ক বিভাগ পর্যায়ে ভূমি ব্যবস্থাপনা সফটওয়্যারে ভূমির তথ্য এন্ট্রি সংক্রান্ত কার্যাবলী সম্পাদনে সংশ্লিষ্ট সড়ক জোনের অতিরিক্ত প্রধান প্রকৌশলীর পরামর্শক্রমে সহায়তা প্রদান;
০৩. সড়ক বিভাগ পর্যায়ে প্রয়োজনে সংশ্লিষ্ট সড়ক জোনের অতিরিক্ত প্রধান প্রকৌশলীর পরামর্শক্রমে সার্ভেয়ার দ্বারা ভূমির পরিমাপ তত্ত্বাবধান;
০৪. সড়ক বিভাগ পর্যায়ে প্রয়োজনে সংশ্লিষ্ট সড়ক জোনের অতিরিক্ত প্রধান প্রকৌশলীর পরামর্শক্রমে নামজারী ও জমাখারিজ করে ভূমির খতিয়ান হালনাগাদকরণ ও সংরক্ষণ সংক্রান্ত কার্যাবলী;
০৫. সড়ক বিভাগ পর্যায়ে প্রয়োজনে সংশ্লিষ্ট সড়ক জোনের অতিরিক্ত প্রধান প্রকৌশলীর পরামর্শক্রমে ভূমি উন্নয়ন কর ও পৌরকর পরিশোধ সংক্রান্ত কার্যাবলী;
০৬. সড়ক ও জনপথ অধিদপ্তরের মালিকানাধীন কোন ভূমি অবৈধ বা অপদখলে থাকলে সে ভূমি উদ্ধারে সংশ্লিষ্ট সড়ক জোনের অতিরিক্ত প্রধান প্রকৌশলীর পরামর্শক্রমে আইনানুগ ব্যবস্থা গ্রহণ;
০৭. সড়ক ও জনপথ অধিদপ্তরের ভূমি ব্যবস্থাপনা নীতিমালা ২০১৫ অনুযায়ী সংশ্লিষ্ট জোন পর্যায়ে ভূমির ইজারা প্রদান ও নবায়ন এবং স্থাপনার ভাড়া সংক্রান্ত কার্যাবলী;
০৮. সড়ক ও জনপথ অধিদপ্তরের অনুকূলে ভূমি অধিগ্রহণ (Acquisition), অধিগ্রহণকৃত ভূমি রিজিউম (Resume), ভূমি ছকুম দখল (Requisition), আন্তঃসংস্থা ভূমি হস্তান্তর ইত্যাদি কার্যাবলী সংশ্লিষ্ট জোন পর্যায়ে সম্পাদন;
০৯. সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীর লিখিত অনুরোধ বা স্ব-উদ্যোগে সংশ্লিষ্ট অতিরিক্ত প্রধান প্রকৌশলীর সমন্বয়ে সড়ক ও জনপথ অধিদপ্তরের মালিকানাধীন অপদখলীয় বা অবৈধ দখলে থাকা ভূমির উচ্ছেদ কার্যক্রমে “ডেপুটি কমিশনার” ও “নির্বাহী ম্যাজিস্ট্রেট” এর ক্ষমতা প্রয়োগ করে উচ্ছেদ কার্যক্রম পরিচালনা;
১০. ভূমি সংক্রান্ত আইন, বিধিমালা, নীতিমালা ইত্যাদি প্রণয়ন, সংশোধন, হাল-নাগাদকরণ প্রভৃতি বিষয়ে মতামত প্রদান;

অপর পৃষ্ঠায় দৃষ্টব্য


পূর্ব পৃষ্ঠা পর

১১. The Motor Vehicle Ordinance, 1983 এর আওতায় মোটরযানের এক্সেল লোড নিয়ন্ত্রণ কেন্দ্র পরিচালনা সংক্রান্ত নীতিমালা-২০১২ অনুযায়ী এক্সেল লোড নিয়ন্ত্রণে “ডেপুটি কমিশনার” ও “নির্বাহী ম্যাজিস্ট্রেট” এর ক্ষমতা প্রয়োগ;

১২. উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত ভূমি ব্যবস্থাপনা সংক্রান্ত অন্য যে কোন কার্যাবলী।

০২. প্রধান কার্যালয়ে কর্মরত এস্টেট ও আইন কর্মকর্তার অধিক্ষেত্র হবে ঢাকা মেট্রোপলিটন এলাকা। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং এর সমন্বয়ে ঢাকা সড়ক বিভাগের সাথে পারস্পরিক যোগাযোগ রক্ষা করে সড়ক ও জনপথ অধিদপ্তরের প্রধান কার্যালয়ে আগত সম্পত্তি সংক্রান্ত যাবতীয় বিষয়াদি সংকলন করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করবেন।

০৩. যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হল। উল্লেখ্য, ইতোপূর্বে এ বিভাগের ০৮.০২.২০১৬ তারিখের ৩৫.০০.০০০০.০২৩.১৯.০৩৪.১৫-৩৮ এবং ২৯.০৬.২০১৭ তারিখের ৩৫.০০.০০০০.০২৩.১৯.০৩৪.১৫-১৬১ সংখ্যক পত্রদ্বয়ের মাধ্যমে প্রদত্ত এস্টেট ও আইন কর্মকর্তাদের দায়িত্ব ও কার্যাবলী এতদ্বারা বাতিল করা হল।


  
(মোঃ গোলাম জিলানী)  
সহকারী সচিব  
ফোনঃ ৯৫৮২২২৭  
sasestate@rthd.gov.bd

নং-৩৫.০০.০০০০.০২৩.১৯.০৩৪.১৫-১৭৭/১(১৫)

তারিখঃ ১৬ জুলাই ২০১৭ খ্রিস্টাব্দ  
০১ শ্রাবণ ১৪২৪ বঙ্গাব্দ

**বিতরণঃ**

০১. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
০২. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক জোন, ঢাকা/ময়মনসিংহ/কুমিল্লা/সিলেট/চট্টগ্রাম/রাজশাহী/রংপুর/খুলনা/বরিশাল/গোপালগঞ্জ
০৩. এস্টেট ও আইন কর্মকর্তা (সকল), সড়ক ও জনপথ অধিদপ্তর

  
(মোঃ গোলাম জিলানী)  
সহকারী সচিব  
ফোনঃ ৯৫৮২২২৭  
sasestate@rthd.gov.bd

**অনুলিপিঃ**

০১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. সচিবের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
০৪. অতিরিক্ত সচিব (এস্টেট) এর ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা